ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২১৯

খোয়াই, ১৭ এপ্রিল, ২০২৫

**জাতীয় পারিবারিক সহায়তা প্রকল্পে আর্থিক সহায়তা**

খোয়াই জেলা সমাজকল্যাণ ও সমাজশিক্ষা আধিকারিকের কার্যালয়ের উদ্যোগে গত অর্থবছরে জেলার বিভিন্ন ব্লক ও পুর পরিষদ এলাকার দারিদ্র সীমা রেখার নীচে বসবাসকারী ১৮টি সুবিধাভোগী পরিবারকে জাতীয় পারিবারিক সহায়তা প্রকল্পে আর্থিক সহায়তা করা হয়েছে। এ প্রকল্পে প্রত্যেক সুবিধাভোগী পরিবারকে এককালীন ২০ হাজার টাকা করে আর্থিক সহায়তা করা হয়েছে। এ প্রকল্পে খোয়াই ব্লকের ৯টি পরিবার, তুলাশিখর ব্লকের ১টি পরিবার, খোয়াই পুর পরিষদ এলাকার ১টি পরিবার, কল্যাণপুর ব্লকের ২টি পরিবার, তেলিয়ামুড়া ব্লকের ৪টি পরিবার ও মুঙ্গিয়াকামী ব্লকের ১টি সুবিধাভোগী পরিবার উপকৃত হয়েছেন। খোয়াই জেলার সমাজকল্যাণ ও সমাজশিক্ষা আধিকারিক সুজিত দাস এই সংবাদ জানিয়েছেন।

*******